০৪ আগস্ট ২০২৫

**প্রেস বিজ্ঞপ্তি**

## জুলাই আন্দোলনে নিহত মোঃ সোহেল রানার পরিচয় সনাক্তে ডিএনএ টেস্টের আবেদন মঞ্জুর

ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত ২০২৪ এর জুলাই- আগস্ট গণঅভ্যুত্থানে নিহত মোঃ সোহেল রানার (৩৭) মৃতদেহ সনাক্তের লক্ষ্যে ডিএনএ টেস্টের আবেদন মঞ্জুর করেছেন। এ আবেদনটি বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)-এর আইনি সহায়তায় নিহতের পরিবারের পক্ষ থেকে দায়ের করা হয়, যা নিঃসন্দেহে নিহতের পরিচয় সনাক্ত ও ন্যায়বিচার নিশ্চিতে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

**পটভূমিঃ** মোঃ সোহেল রানা গত ১৮ জুলাই ২০২৪ তারিখে যাত্রাবাড়ী থানাধীন দক্ষিণ কাজলা এলাকায় শান্তিপূর্ণ আন্দোলনে অংশগ্রহণকালে নিখোঁজ হন। পরবর্তীতে পরিবারের সদস্যরা বিভিন্ন স্থান ও হাসপাতালে খোঁজ করেও তার কোনো সন্ধান পাননি। পরবর্তীতে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত ভিডিও থেকে তারা তার মৃতদেহ শনাক্ত করেন। পরবর্তীতে একটি অপরিচিত ফোন কলের মাধ্যমে তারা জানতে পারেন যে, আঞ্জুমান মফিদুল ইসলামের সহায়তায় অনেকগুলো মৃতদেহ দাফন করা হয়েছে, যার মধ্যে মোঃ সোহেল রানার ছবিও দেখা গেছে। পরে আঞ্জুমান মফিদুল ইসলামে গেলে সেখানকার সংরক্ষিত তথ্য থেকে তারা জানতে পারে যে, গত ২৩ জুলাই ২০২৪ তারিখে শাহবাগ থানার মাধ্যমে মোঃ সোহেল রানার মৃতদেহ আঞ্জুমান মফিদুল ইসলামে প্রেরণ করা হয় এবং গত ২৪ জুলাই ২০২৪ তারিখে তাঁর মৃতদেহ রায়েরবাজার বুদ্ধিজীবি কবরস্থানের ৪নং ব্লকে দাফন করা হয়। অতঃপর মোঃ সোহেল রানার পরিবারের সদস্যরা তার কবর সনাক্তের উদ্দেশ্যে উপরোক্ত কবরস্থানে গিয়ে দেখতে পান যে, গণকবরে মোঃ সোহেল রানার মৃতদেহসহ মোট ১১৩টি মৃতদেহ দাফন করা হয়েছে। মৃতদেহ সুনির্দিষ্টভাবে চিহ্নিত করার জন্য কবরে কোনপ্রকার চিহ্ন না থাকার কারণে তাদের পক্ষে মোঃ সোহেল রানার কবর সনাক্ত করা সম্ভব হয়নি।

পরবর্তীতে মোঃ সোহেল রানার ভাই বাদী হয়ে বিগত ১৭ সেপ্টেম্বর ২০২৪ইং তারিখে ঢাকার বিজ্ঞ মূখ্য মহানগর হাকিম (আমলী, যাত্রাবাড়ী) আদালতে একটি ফৌজদারি মামলা দায়ের করেন। তবে, দীর্ঘসময় অতিবাহিত হলেও উক্ত মামলায় কোন তদন্ত প্রতিবেদন দাখিল না হওয়ায় মোঃ সোহেল রানার পরিবারের আবেদনের প্রেক্ষিতে ব্লাস্ট মামলার সুষ্ঠ তদন্তের স্বার্থে মোঃ সোহেল রানার মৃতদেহসহ অজ্ঞাত নামা অবশিষ্ট ১১২ জন ব্যক্তির মৃতদেহ উত্তোলনপূর্বক ময়না তদন্ত এবং পরিচয় সনাক্তের লক্ষে ডিএনএ প্রোফাইল সংরক্ষনের ব্যবস্থা গ্রহন করার একটি দরখাস্ত বিজ্ঞ আদালতে উপস্থাপন করেন। পরবর্তীতে মামলার তদন্তকারী কর্মকর্তাও একটি দরখাস্ত বিজ্ঞ আদালতে উপস্থাপন করেন। এর প্রেক্ষিতে গত ৩০ জুলাই ২০২৫ ইং তারিখ আদালত ব্লাস্টের ও তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত আবেদন শুনানিঅন্তে মঞ্জুর করেন এবং মামলার সুষ্ঠ্য তদন্তের স্বার্থে ও নিহত ব্যক্তির পরিচয় সনাক্তের জন্য মৃতদেহের চীফ ডিএনএ এনালিষ্ট সংগ্রহ করে ফরেনসিক ডিএনএ ল্যাবরেটরি, বাংলাদেশ পুলিশ সিআইডি, মালিবাগে প্রোফাইলিং করার ক্ষমতাপত্রসহ অনুমতি প্রদান করেন।

বার্তা প্রেরক:
কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
প্রয়োজনে যোগাযোগ করুন:
সুস্মিতা চক্রবর্তী, স্টাফ আইনজীবী, ব্লাস্ট
মোবাইল নং- ০১৯২৫-৯৪৯৪৫৩
ই-মেইল: sushmita@blast.org.bd; communication@blast.org.bd